



**2022/TDC (CBCS)/EVEN/SEM/
BNGDSC/GEC-401T/020**

TDC (CBCS) Even Semester Exam., 2022

BENGALI

(4th Semester)

Course No. : BNGDSC/GEC-401T

(বিশ শতকের বাংলা সাহিত্য—১)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

- ১। 'সঙ্কিতা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- ২। নজরুলের ডাকনাম কী?
- ৩। 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
- ৪। 'মানুষ' কবিতায় কবি কোন্ দুজন মানুষের প্রতি ঘৃণা প্রদর্শন করেছেন?
- ৫। 'সাম্যবাদী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- ৬। মালার স্বামীর নাম কী?
- ৭। কুবেরের শ্যালিকার নাম কী?

(2)



- ৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছে ?
- ৯। ময়নাঘোষের মালিকের নাম কী ?
- ১০। মালা কঠিন যোগে অসুস্থ হলে সে কার সঙ্গে হাসপাতালে গিয়েছিল ?
- ১১। 'সাজাহান' নাটক ছাড়া বিজ্ঞান্দ্রলাল রায়ের অন্য আরেকটি ঐতিহাসিক নাটকের নাম উল্লেখ করো।
- ১২। 'সাজাহান' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ১৩। পিয়ারা কে ?
- ১৪। 'সাজাহান' নাটকের অঙ্ক সংখ্যা কত ?
- ১৫। জাহানারার পিতার নাম কী ?
- ১৬। 'মহেশ' গল্প ছাড়া শরৎচন্দ্রের অন্য আরেকটি গল্পের নাম উল্লেখ করো।
- ১৭। তারিণীর সহধর্মিণীর নাম কী ?
- ১৮। 'পুঁইমাচা' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছে ?
- ১৯। 'ফসিল' শব্দের অর্থ কী ?
- ২০। মহেশ কে ?
- ২১। বনফুল কার ছদ্মনাম ?
- ২২। 'শ্রীমধুসূদন' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ২৩। মধুসূদনের যে কোনো একজন বন্ধুর নাম লেখো।
- ২৪। মধুসূদনের বাবার নাম কী ?
- ২৫। কোন্ পত্রিকায় 'শ্রীমধুসূদন' নাটকটি প্রথম প্রকাশিত হয়েছে ?

22J/1140

(Continued)

(3)

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ২৬। কোন্ কবিতা লেখার জন্য নজরুলকে কারাবাস করতে হয়েছে ? কারাগারে বসে নজরুল কোন্ কবিতাটি লিখেছেন ?
- ২৭। নজরুল রবীন্দ্রনাথকে কোন্ কাব্যটি উৎসর্গ করেছেন এবং নজরুলকে রবীন্দ্রনাথ কোন্ নাটকটি উৎসর্গ করেছেন ?
- ২৮। কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে 'পদ্মানদীর মাঝি' প্রথম প্রকাশিত হয়েছে ?
- ২৯। কপিলার বোন ও জামাইবাবুর নাম কী কী ?
- ৩০। দারার পুত্রদ্বয়ের নাম কী কী ?
- ৩১। সাজাহানের স্ত্রী ও কন্যার নাম উল্লেখ করো।
- ৩২। গফুর কোন্ গ্রামে বাস করতো? সে গ্রামের মাতব্বরের নাম কী ?
- ৩৩। 'তারিণী মাঝি' কোন্ নদীর, কোন্ ঘাটের মাঝি ছিল ?
- ৩৪। 'শ্রীমধুসূদন' ছাড়া বনফুলের অন্য দুটি নাটকের নাম উল্লেখ করো।
- ৩৫। মধুসূদনের দুই স্ত্রীর নাম উল্লেখ করো।

22J/1140

(Turn Over)



(4)

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতা অবলম্বনে কবির উল্লাসের কারণ ও স্বরূপ উল্লেখ করো।
- ৩৭। 'মানুষ' কবিতায় কবি সমাজের ভণ্ড মোল্লা ও পুরোহিতদের যে ভণ্ডামির স্বরূপ তুলে ধরেছেন তা উল্লেখ করো।
- ৩৮। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সার্থকতা বিচার করো।
- ৩৯। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কুবের চরিত্রের মধ্য দিয়ে জেলে জীবনের যে স্বরূপ ফুটে উঠেছে তা উপন্যাস-কাহিনি অবলম্বনে উল্লেখ করো।
- ৪০। 'সাজাহান' নাটক অবলম্বনে সাজাহানের ট্রাজিক চরিত্রের স্বরূপ উল্লেখ করো।
- ৪১। ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকটির সার্থকতা উল্লেখ করো।
- ৪২। 'মহেশ' গল্পে মহেশকে কেন্দ্র করে সমাজের শোষণ, নিষ্ঠুরতা, অন্যায়-অবিচারের যে ছবি গল্পকার ফুটিয়ে তুলেছেন তা উল্লেখ করো।
- ৪৩। 'পুঁইমাচা' গল্পটির নামকরণের সার্থকতা উল্লেখ করো।
- ৪৪। 'শ্রীমধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদনের চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ৪৫। বনফুলের 'শ্রীমধুসূদন' নাটক অবলম্বনে জাহ্নবীদেবী চরিত্রটি আলোচনা করো।

★ ★ ★